মৌলিক অধিকার:
অন্টারিও এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ডস

অন্টারিও এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ড অ্যাক্ট কি?

এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ড অ্যাক্ট (E.S.A) হচ্ছে অন্টারিও তে কর্মীদের আইনগত ন্যূনতম মৌলিক অধিকার যা আপনার নিয়োগকর্তাকে অবশ্যই অনুসরণ করতে হবে। আপনি আপনার অধিকার স্বাক্ষর করতে পারবেন না। এমনকি আপনি যদি এই মানের চেয়ে নিচে কাজ করতে সম্মত হয়ে কোনো চুক্তিতে স্বাক্ষর করেন, তাহলেও আপনি এ অধিকার গুলো পাওয়ার অধিকারী। আপনাকে নাগরিক, স্থায়ী বাসিন্দা হতে হবে না অথবা আইনের আওতায় আসার জন্য ওয়ার্ক পারমিট থাকতে হবে না। এমনকি যদি আপনি প্রবেশন, খণ্ডকালীন বা অস্থায়ী কর্মীহয়ে থাকেন, তাহলেও আপনি এই আইনের আওতায় সুরক্ষিত রয়েছেন ।

তবে সকল কর্মীরা এই আইনের আওতায় সুরক্ষিত নন । কিছু শ্রমিক, যেমন উদাহরণস্বরূপ, খামার শ্রমিক বা বিল্ডিং সুপারিন্টেন্ডদের ন্যূনতম মজুরী বা একই ওভারটাইম পাওয়ার অধিকার নেই। এছাড়াও, আপনি যদি স্ব-নিযুক্ত কাজ করেন, তাহলেও আপনি এই আইনের আওতায় পড়বেন না। পরিশেষে, ফেডারেল নিয়ন্ত্রিত কাজ, যেমন ব্যাংক বা টেলিযোগাযোগের চাকুরীগুলো কানাডা শ্রম কোড দ্বারা আওতাভুক্ত হয়।

এই ফ্যাক্টশীট এই আইনের প্রতিটি বিবরণকে কভার করে না। আপনার কর্মক্ষেত্রে অধিকার রক্ষায় সাহায্যের প্রয়োজন হলে দয়া করে ওয়ার্কার্স অ্যাকশন সেন্টারে কল করুন ।

ন্যূনতম মজুরী

বেশিরভাগ কাজের ক্ষেত্রেই, প্রতি ঘন্টা কাজ করার জন্য আপনাকে ন্যূনতম মজুরী দিতে হবে। এমনকি যদি আপনি কমিশন বা খন্ড কাজ করেন, তাহলেও আপনি ন্যূনতম মজুরী পাওয়ার অধিকারী। সাধারণ ন্যূনতম মজুরী প্রতি ঘন্টায় ১৪.২৪ ডলার। যাইহোক, ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীরা প্রতি ঘন্টায় সর্বনিম্ন ১৩.৪০ ডলার আয় করে, অন্যদিকে মদ সার্ভার প্রতি ঘন্টায় ১২.৪৫ ডলার আয় করে।

কাজের ঘন্টা

সাধারণত, আপনার সর্বোচ্চ কাজের ঘন্টা প্রতিদিন ৮ ঘন্টা এবং সপ্তাহে ৪৮ ঘন্টা। আপনার নিয়োগকর্তা আপনাকে সাপ্তাহিক সর্বোচ্চ কাজের চেয়ে বেশি কাজ করার জন্য লিখিতভাবে সম্মত হতে বলতে পারেন ।

আপনার নিয়োগকর্তা আপনাকে প্রতি ৫ ঘন্টা কাজ করার জন্য ৩০ মিনিট বেতন ছাড়া বিরতি দিতে হবে। আপনার বিরতি দুইটি ১৫ মিনিটের বিরতিতে বিভক্ত হতে পারে।

আপনার নিয়োগকর্তা কখন আপনাকে আপনার কাজের সময়সূচী দিবে সে বিষয়ে কোন আইনগত নিয়ম নেই। সপ্তাহে ন্যূনতম কত ঘণ্টা কাজ পাবেন তারও কোন নিয়ম নেই।

ওভারটাইম

এক সপ্তাহে ৪৪ ঘন্টা কাজ করার পর, আপনি প্রতি ঘন্টা ওভারটাইম কাজের জন্য আপনার নিয়মিত বেতনের ১.৫ গুণ মজুরি পাবেন। আপনার নিয়োগকর্তা আপনাকে এক সপ্তাহের বেশি ওভারটাইম গড় করতে বলতে পারেন । উদাহরণস্বরূপ, আপনি যদি এক সপ্তাহে ৪০ ঘন্টা এবং পরের সপ্তাহে ৬০ ঘন্টা কাজ করেন, তাহলে আপনি গড়ে সপ্তাহে ৫০ ঘন্টা কাজ করেছেন। সেক্ষেত্রে আপনাকে গড় ছাড়া ১৬ ঘন্টা এর বদলে মাত্র ১২ ঘন্টা ওভারটাইম কাজের মজুরি দেওয়া হয়।

অন্যথায়, ওভারটাইম বেতনের পরিবর্তে বেতনসহ ছুটি নিতে আপনি আপনার নিয়োগকর্তার সাথে লিখিতভাবে সম্মত হতে পারেন। ওভারটাইমের প্রতি ঘন্টার জন্য আপনার দেড় ঘন্টার বেতন সহ ছুটি প্রাপ্য।

চাকরি-সুরক্ষিত ছুটিসমূহ

আপনি বেশ কিছু চাকরি সুরক্ষিত ছুটি পাওয়ার অধিকারী। উদাহরণস্বরূপ:

অসুস্থতার ছুটি: আপনার ব্যক্তিগত অসুস্থতা, আঘাত বা চিকিৎসা সংক্রান্ত জরুরী প্রয়োজনে জন্য ৩ দিনের বেতন ছাড়া ছুটি।

পারিবারিক দায়বদ্ধতা ছুটি: পরিবারের সদস্যদের জন্য অসুস্থতা, আঘাত, চিকিৎসা জরুরী বা জরুরী বিষয়ের জন্য ৩ দিনের বেতন ছাড়া ছুটি।

গর্ভবতী ছুটি: গর্ভবতী কর্মচারীদের ১৭ সপ্তাহ পর্যন্ত বেতন ছাড়া ছুটি পাওয়ার অধিকার আছে।

পিতৃত্বকালীন ছুটি: যে সব মায়েরা গর্ভাবস্থার ছুটি নিয়েছেন তারা ৬১ সপ্তাহ পর্যন্ত বেতন ছাড়া ছুটি নিতে পারবেন। অন্য সব নতুন পিতামাতা ৬৩ সপ্তাহ পর্যন্ত বেতন ছাড়া ছুটি নিতে পারবেন।

Workers' Action Centre
416-531-0778
Toll Free: 1-855-531-0778
www.workersactioncentre.org

Updated Winter 2021

মৌলিক অধিকার:
অন্টারিও এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ডস

অবকাশের সময় এবং বেতন

একই নিয়োগকর্তার জন্য ১ বছর কাজ করার পর আপনি ২ সপ্তাহের জন্য ভ্যাকেশন টাইম বা বেতনসহ অবকাশ ছুটি কাটাতে পারবেন। একই নিয়োগকর্তার জন্য ৫ বছর কাজ করার পর, আপনি ৩ সপ্তাহের অবকাশ ছুটির সময় নিতে পারবেন।

ভ্যাকেশন টাইম এন্ড ভ্যাকেশন পে বা অবকাশ ছুটির সময় এবং ছুটির বেতন আলাদা। এমনকি যদি আপনি কাজের প্রথম বছরে অবকাশ ছুটির জন্য যোগ্যতা অর্জন না করেন, অথবা আপনার অবকাশ ছুটির সময় না নেন, তাহলেও আপনি আপনার অবকাশ ছুটির বেতন পাওয়ার অধিকারী। এমনকি ১ ঘন্টা কাজ করার পরেও, আপনি অবকাশ ছুটির বেতন পাওয়ার অধিকারী।

আপনার উপার্জিত প্রতি ডলারের ৪% হারে আপনার অবকাশ ছুটির বেতন শুরু হয়। একই নিয়োগকর্তার জন্য ৫ বছর কাজ করার পর, আপনার অবকাশ ছুটির বেতন আপনার আয় করা প্রতি ডলারের ৬% । সাধারণত অবকাশ ছুটি নেওয়ার সময় আপনার অবকাশ ছুটির বেতন দেওয়া হয়। অন্যথায়, আপনার প্রতিটি বেতনের চেকের সাথে আপনার অবকাশ ছুটির বেতন পরিশোধ করার জন্য একটি চুক্তি থাকতে পারে।

সরকারী ছুটিসমূহ

আপনি প্রতি বছর ৯টি সরকারী ছুটি পাবেন: নিউ ইয়ার ডে, ফ্যামিলি ডে, গুড ফ্রাইডে, ভিক্টোরিয়া ডে, কানাডা ডে, লেবার ডে, থ্যাঙ্কসগিভিং ডে, ক্রিসমাস ডে, বক্সিং ডে।

সরকারী ছুটির দিনের বেতন আপনার আগের ৪ সপ্তাহের মোট আয়কে ২০ ভাগ করে দেওয়া হয়। সরকারী ছুটির দিনের বেতনের যোগ্যতা অর্জনের জন্য আপনাকে অবশ্যই ছুটির আগের দিন এবং পরের দিন আপনার নিয়মিত নির্ধারিত শিফটে কাজ করতে হবে।

আপনি যদি সরকারী ছুটির দিনে কাজ করেন, তাহলে আপনি প্রিমিয়াম পে (প্রতি ঘন্টায় আপনার নিয়মিত বেতনের ১.৫ গুণ) এবং সরকারী ছুটির বেতন দিতে লিখিতভাবে সম্মত হতে পারেন। অন্যথায়, আপনি আপনার নিয়মিত হারে সরকারী ছুটির দিনে কাজ করতে পারেন এবং সরকারী ছুটির বেতন দিয়ে আরেকদিনের ছুটি নিতে পারেন।

টারমিনেশন নোটিশ এবং বেতন

আপনি যদি ৩ মাসের কম কাজ করে থাকেন তাহলে আপনার বস আপনাকে নোটিশ ছাড়াই বরখাস্ত করতে পারেন। ৩ মাস পর, আপনার বস অবশ্যই আপনাকে লিখিত ভাবে নোটিশ দিতে হবে, যে তারিখে আপনাকে চাকরিচ্যুত করা হবে। আপনি যদি নোটিশ না পান, তাহলে আপনার টার্মিনেশন পে অথবা দুটির সমন্বয় বেতন পাওয়া উচিত। আপনার টার্মিনেশন বেতনের পরিমাণ অথবা নোটিশ পাওয়া নির্ভর করবে আপনি আপনার নিয়োগকর্তার জন্য কতদিন কাজ করেছেন তার উপর, সর্বোচ্চ ৮ সপ্তাহ পর্যন্ত হতে পারে ৮ বছর কাজ করার জন্য।

অস্থায়ী এজেন্সির কর্মীদের অধিকার

সাধারণত অস্থায়ী এজেন্সির কর্মীদের এই আইনের অধীনে অন্যান্য সাধারণ কর্মীদের মতই সমান অধিকার রয়েছে । উপরন্তু, অনুগ্রহ করে মনে রাখবেন:

- কোন এজেন্সি তার কর্মী হওয়ার জন্য অথবা আপনাকে অ্যাসাইনমেন্ট পেতে সাহায্য করার জন্য আপনার কাছ থেকে কোন ফি নিতে পারবে না।
- যদি কোন এজেন্সি আপনাকে ৩ মাস বা তার বেশী সময়ের জন্য কোন অ্যাসাইনমেন্ট প্রস্তাব দেয়, কিন্তু তার আগে আপনাকে বরখাস্ত করা হয়, তাহলে আপনাকে অবশ্যই ১ সপ্তাহের নোটিশ দিতে হবে অথবা নোটিশের পরিবর্তে অর্থ প্রদান করতে হবে।
- যদি কোন এজেন্সি আপনার বেতন পরিশোধ না করে, তাহলে ক্লায়েন্ট কোম্পানি আপনার বকেয়া বেতনের জন্য দায়ী থাকবে।

আপনার অধিকারের জন্য কিভাবে লড়াই করবেন

কর্মক্ষেত্রে আপনার কোন অধিকার সম্পর্কে জানতে বা রক্ষার ব্যাপারে আপনার বস কে জিজ্ঞাসা করেন তবে সেই কারণে আপনাকে শাস্তি দিতে পারবেন না।

কর্মক্ষেত্রে আপনার অধিকার সম্পর্কে যে কোন বিষয়ে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ওয়ার্কার্স অ্যাকশন সেন্টারে আমাদের ওয়ার্কার্স রাইটস হটলাইনে কল করুন।

416-531-0778 | www.workersactioncentre.org

যদি আপনার অধিকার লঙ্ঘিত হয়, তাহলে উপায় হচ্ছে শ্রম মন্ত্রণালয়ে বিনামূল্যে একটি দরখাস্ত দাখিল করতে পারবেন অথবা ছোট আদালতে একটি দরখাস্ত দাখিল করতে পারবেন ।

1-800-531-5551 | www.labour.gov.on.ca/

Workers' Action Centre
416-531-0778
Toll Free: 1-855-531-0778
www.workersactioncentre.org

Updated Winter 2021